গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর

উপজেলা কার্যালয় কলমাকান্দা, নেত্রকোণা।

www.doict.kalmakanda.netrokona.gov.bd

**আইসিটি কমিটির নভেম্বর /২০১৯ মাসের অনুষ্ঠিত মাসিক সভার কার্যবিবরনী**

সভাপতিঃ জনাব মোঃ জাকির হোসেন,উপজেলা নির্বাহী অফিসার, কলমাকান্দা নেত্রকোণা।

তারিখঃ ২৮/১১/২০১৯

স্থানঃ উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ

সভায় উপস্থিত সদস্য বৃন্দের তালিকা পরিশিষ্ট “ক” দ্রষ্টব্য

সভাপতি কর্তৃক উপস্থিত সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভা আরম্ভ করা হয়।এর পর ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণ ও ভিশন ২০২১ অর্জনে সরকারের বিভিন্ন কর্মসূচী ও নির্দেশনা সমূহ মাঠ পর্যায়ে বাস্তবায়নের জন্য আইসিটির যথাযথ ব্যাবহার নিশ্চিত করনের জন্য উপস্থিত সদস্যবৃন্দের দৃষ্টি আকর্ষণ করেন।সভায় নিম্ন বর্নিত বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গৃহিত হয়।

| ক্রম | আলোচ্য বিষয় ও আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ০১ | **ই-নথি বাস্তবায়ন সংক্রান্তঃ** সহকারী প্রোগ্রামার জানান যে,সরকার ইতিমধ্যে ই-নথি বিষয়ে বিভিন্ন প্রশিক্ষণ প্রদান করেছেন। পর্যায়ক্রমে অন্যান্য দপ্তরের কর্মকর্তা ও কর্মচারীদের প্রশিক্ষণের ব্যবস্থা করা হবে। সহকারী প্রোগ্রামার আরও জানান যে,উপজেলা লেবেল এ যেসব দপ্তর প্রধানের লাইভ আইডি আছে তারা যেন ই-নথি কার্যক্রম শুরু করেন। যে সকল দপ্তরের আইডিতে সমস্যা আছে তাদেরকে সহকারী প্রোগ্রামার এর সাথে যোগাযোগ করতে বলা হয়েছে। | ১। লাইভ সার্ভারে যে সকল দপ্তর রয়েছে তাদের ই-নথি কার্যক্রম আরো জোরদার করার জন্য এবং আরো আন্তরিক হওয়ার জন্য অনুরোধ জানানো হয় এবং তা সিদ্ধান্ত আকারে গৃহিত হয়।<br><br>২।ই-নথি কার্যক্রম বাস্তবায়নের জন্য সহকারী প্রোগ্রামার কে অবহিত করা হয় এবং তা সিদ্ধান্ত আকারে গৃহিত হয়।<br>৩। ই নথি প্রশিক্ষণের জন্য সকল দপ্তরকে অংশ গ্রহন উপজেলা প্রশাসন হতে সিদ্ধান্ত আকারে গৃহিত হয়। | ১।দপ্তর প্রধান (সকল), কলমাকান্দা,নেত্রকোণা।<br><br>২।সহকারী প্রোগ্রামার তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর,কলমাকান্দা, নেত্রকোণা। |
| ০২ | **জাতীয় তথ্য বাতায়নে তথ্য হালনাগাদ সংক্রান্তঃ** সহকারী প্রোগ্রামার জানান যে,প্রত্যেক দপ্তরকে তথ্য হালনাগাদ করার জন্যে আলাদা উজার আইডি ও পাসওয়ার্ড দেয়া হয়েছে যাথে তারা নিজেদের মত করে তথ্য হালনাগাদ করতে পারে।ইতিমধ্যে সরকার জেলা প্রশাসকের কার্যালয় হতে বিভিন্ন প্রশিক্ষণ এর ব্যাবস্থা করেছেন। | ১। ওয়েবসাইটে সকল তথ্য হালনাগাত করার জন্য সকল দপ্তর প্রধান কে আরো আন্তরিক হওয়ার জন্য অনুরোধ জানানো হয় এবং তা সিদ্ধান্ত আকারে গৃহিত হয়।<br>২। ওয়েবপোর্টালে তথ্য হালনাগাদ করার জন্য সহকারী প্রোগ্রামার কে কারিগরি সহায়তা প্রদান এর জন্য | ১।দপ্তর প্রধান (সকল), কলমাকান্দা,নেত্রকোণা।<br><br>২।সহকারী প্রোগ্রামার তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর,কলমাকান্দা, নেত্রকোণা। |

<table>
<tr>
<td></td>
<td></td>
<td>অনুরোধ জানানো হয় এবং তা সিদ্ধান্ত আকারে গৃহিত হয়।<br>৩। জাতীয় তথ্য বাতায়ন ব্যাবহারে সকলকে আন্তরিক এবং উপজেলা প্রশাসন এর উদ্দ্যেগে প্রশিক্ষণের জন্য সকল দপ্তর এর অংশ গ্রহণ সিদ্ধান্ত আকারে গৃহিত হয়।</td>
<td></td>
</tr>
<tr>
<td>০৩</td>
<td>শেখ রাসেল ডিজিটাল ল্যাব সংক্রান্তঃ সহকারী প্রোগ্রামার জানান যে, কলমাকান্দা উপজেলায় তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর কর্তৃক ০৪ টি শেখ রাসেল ডিজিটাল ল্যাব ও ৪টি মাল্টিমিডিয়া ক্লাস রুম রয়েছে।<br>ল্যাব গুলো নিয়মিত পরির্দশন করা হচ্ছে।<br>পরির্দশন কালে দেখা যায় যে কিছু কিছু ল্যাব এ কম্পিউটার অচল অবস্থায় আছে এবং ইন্টারনেট এর সংযোগ বিচ্ছিন্ন অবস্থায় আছে।<br><br>নিম্নে তালিকা আকারে নিম্নে তা উপস্থাপন করা হলোঃ<br>
<table>
<tr><th>প্রতিষ্ঠানের নাম</th><th>অচল কম্পিউটার</th><th>ইন্টারনেট</th></tr>
<tr><td>আল-জামিয়াতুল ইসলামিয়া ফাযিল মাদ্রাসা</td><td>০১</td><td>সচল</td></tr>
<tr><td>কলমাকান্দা সরকারী পাইলট উচ্চ বিদ্যালয়</td><td>০০</td><td>সচল</td></tr>
<tr><td>উদয়পুর মিতালী উচ্চ বিদ্যালয়</td><td>০১</td><td>সচল</td></tr>
<tr><td>জনতা উচ্চ বিদ্যালয়</td><td>০১</td><td>অচল</td></tr>
<tr><td>সেক্রেট হার্ট উচ্চ বিদ্যালয়</td><td>০০</td><td>সচল</td></tr>
<tr><td>লেঙ্গুরা উচ্চ বিদ্যালয়</td><td>০০</td><td>সচল</td></tr>
<tr><td>বরুয়াকোনা সাধুফেডরিক উচ্চ বিদ্যালয়</td><td>০০</td><td>অচল</td></tr>
<tr><td>বিশরপাশা হরিশচন্দ্র উচ্চ বিদ্যালয়</td><td>০০</td><td>অচল</td></tr>
</table>
</td>
<td>১।ল্যাব যাতে সর্বোচ্চ ব্যাবহার নিশ্চিত হয় তা সহকারী প্রোগ্রামার কে মনিটরিং ও সহযোগীতা করার জন্য জানানো হয়।<br><br>২। যে সকল ল্যাব এ কম্পিউটার অচল রয়েছে তা প্রতিষ্ঠান প্রধান নিজ খরচে মেরামত করার জন্য অনুরোধ জানানো হয় এবং ল্যাব এ সর্বক্ষনিক ইন্টারনেট এর সংযোগ রাখার জন্য অনুরোধ জানানো হয়।<br>৩।উপজেলা আইসিটি কমিটির পক্ষ থেকে ল্যাব গুলু মনিটরিং , নিয়মিত ক্লাস, ছত্র/ছাত্রী উপস্থি এবং সবোচ্চ ব্যাবহার সিদ্ধান্ত আকারে গৃহিত হয়।</td>
<td>১।সহকারী প্রোগ্রামার তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর,কলমাকান্দা, নেত্রকোণা।<br><br>২।প্রতিষ্ঠান প্রধান(সকল)</td>
</tr>
<tr>
<td>০৪</td>
<td>উপজেলায় সংশ্লিষ্ট সকল দপ্তরকে ই-নথির আওতায় নিয়ে আসা সংক্রান্তঃ উপজেলা নির্বাহী অফিসার জানান যে, ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণে ই-নথি ব্যাবহারের বিকল্প নেই।ই-নথি ব্যাবহারের ফলে প্রত্যেক দপ্তরের কাজের গতি বৃদ্ধির পাশাপাশি কাজের স্বচ্ছতা ও আনয়ন করবে।</td>
<td>১।সকল অফিসকে ই-নথি অন্তর ভুক্ত করা এবং তা সিদ্ধান্ত আকারে গৃহিত হয়।<br><br>২।যে সকল অফিস এর লাইভ আইডি আছে তারা যাতে ই-নথির মাধ্যমে অফিসিয়াল কাজ শুরু করেন এবং যাদের নেই তারা লাইভ,পাসওয়ার্ড</td>
<td>১।দপ্তর প্রধান(সকল),<br><br>২।সহকারী প্রোগ্রামার তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর,কলমাকান্দা, নেত্রকোণা।</td>
</tr>
</table>

| | | | |
|---|---|---|---|
| | | সংগ্রহ করা এবং তা সিদ্ধান্ত আকারে গৃহিত হয়।<br>৩। ই নথি প্রশিক্ষণ এর জন্য উপজেলা প্রশাসন হতে সিদ্ধান্ত আকারে গৃহিত হয়। | |

পরিশেষে "ডিজিটাল বাংলাদেশ" বিনির্মাণে আইসিটি বিভাগ এর অবদান সম্পর্কে সকলকে অবহিত করে সভাপতি কর্তৃক সভার সমাপ্তি ঘোষনা করা হয়।

মোঃ জাকির হোসেন

উপজেলা নির্বাহী অফিসার

মোঃ জাকির হোসেন
উপজেলা নির্বাহী অফিসার
কলমাকান্দা, নেত্রকোণা।

ও

সভাপতি, উপজেলা আইসিটি কমিটি

কলমাকান্দা,নেত্রকোণা

ফোনঃ০৯৫২৭৫৬০০১

ই-মেইলঃunokalmakanda@yahoo.com

নংঃ৫৬.০৪.৭২৪০.০০০.০৬.০০২.১৯

অনুলিপি সদয় জ্ঞাতার্থেঃ

০১। মাননীয় জাতীয় সংসদ সদস্য, ১৫৭ নেত্রকোণা-১

২। জেলা প্রশাসক,নেত্রকোণা

৩। চেয়ারম্যান উপজেলা পরিষদ, কলমাকান্দা,নেত্রকোণা

৪। উপজেলা নির্বাহী অফিসার,কলমাকান্দা,নেত্রকোণা

৫। সহকারী কমিশনার(ভূমি),কলমাকান্দা,নেত্রকোণা

৬। উপজেলা শিক্ষা অফিসার,কলমাকান্দা,নেত্রকোণা

৭। অধ্যক্ষ,কলমাকান্দা সরকারী কলেজ,কলমাকান্দা,নেত্রকোণা।

মোঃ রফিকুল ইসলাম
সহকারী প্রোগ্রামার
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
উপজেলা কার্যালয়, কলমাকান্দা, নেত্রকোনা।

সহকারী প্রোগ্রামার

তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর

কলমাকান্দা,নেত্রকোণা।